

ফল ফলাবার আশা আমি মনে রাখি নি রে ।  
আজ আমি তাই মুকুল ঝরাই দক্ষিণসমীরে ॥  
বসন্তগান পাখিরা গায়, বাতাসে তার সুর ঝরে যায়—  
মুকুল-ঝরার ব্যাকুল খেলা আমারি সেই রাগিনীরে ॥  
জানি নে ভাই, ভাবি নে তাই কী হবে মোর দশা  
যখন আমার সারা হবে সকল ঝরা খসা ।  
এই কথা মোর শূন্য ডালে বাজবে সে দিন তালে তালে—  
'চরম দেওয়ায় সব দিয়েছি মধুর মধুযামিনীরে' ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Hameer  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail